ই-মেল - sntmunicipality@gmail.com ফোন নং : ০৩৪৬২-২৬৫২৫২

ওয়েবসাইট - www.sainthiamunicipality.com

# সাঁইথিয়া পৌরসভা

পো - সাঁইথিয়া : জেলা - বীরভূম

স্মারক নং :- /এস. এম/২০২৪ তাং

মাননীয় পৌরপ্রধানের নিকট হইতে,

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সাঁইথিয়া পৌরসভার পক্ষ হতে জানানো যাচ্ছে যে, সাঁইথিয়া শহরের রাস্তা ব্যবহারকারী বহিরাগত/মালবাহী যানবাহন হতে তোলা আদায়ের জন্য প্রকাশ্য ডাক মারফৎ ইচ্ছুক এজেন্সী/ব্যক্তিকে আগামী ০১/০২/২০২৫ তারিখ হতে পরবর্ত্তী ১ বৎসরের জন্য লীজ বন্দোবস্ত দেওয়া হবে।এই উপলক্ষে আগামী ইং-২২ শে আগস্ট,২০২৪ তারিখ বৃহস্পতিবার বেলা ১ টার সময় পৌরসভা প্রাঙ্গনে একটি প্রকাশ্য ডাকের আয়োজন করা হয়েছে। উক্ত ডাকে অংশগ্রহনে ইচ্ছুক এজেন্সী/ব্যক্তিগণকে অবিলম্বে ডাক বিষয়ে বিস্তারিত জানতে এবং নির্দ্ধারিত শর্তাবলী সম্বলিত তথ্য সংগ্রহ করতে পৌরসভায় জেনারেল সেকশানে যোগাযোগ করতে অনুরোধ জনানো হচ্ছে।

Sd/-
Chairman
Sainthia Municipality
Sainthia, Birbhum

স্মারক নং :- / ১(৯)/এস. এম/২০২৪ তাং

উপরোক্ত বিজ্ঞপ্তির অনুলিপি অবগতি এবং বহুল প্রচারার্থে অফিস নোটিশ বোর্ডে টাঙানোর অনুরোধ সহ প্রেরিত হল:-

১) বি.এল.আর.ও., সাঁইথিয়া, ২) এস.ডি.ও., ইরিগেশান, ৩) ষ্টেশান ম্যানেজার, WBSEDCL
৪) এস.ডি.ও., টেলিফোন, ৫) পোস্ট মাস্টার, সাঁইথিয়া সাব পোস্ট অফিস, ৬) ষ্টেশন ম্যানেজার, সাঁইথিয়া রেলওয়ে ষ্টেশন, ৭) ভারপ্রাপ্ত আধিকারিক, সাঁইথিয়া থানা, ৮) অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার, পি.ডব্লিউ.ডি., ৯) এস.আই.অফ স্কুলস,সাঁইথিয়া,বীরভূম।

Sd/-
Chairman
Sainthia Municipality
Sainthia, Birbhum

স্মারক নং :- 374 / ১(৮)এস. এম/২০২৪ তাং

উপরোক্ত বিজ্ঞপ্তির অনুলিপি অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হল:-

১) জনাব কাজী কামাল হোসেন, ভাইস-চেয়ারম্যান,সাঁইথিয়া মিউনিসিপ্যালিটি।
২) শ্রী তপন কুমার দাস, এক্সিকিউটিভ অফিসার, সাঁইথিয়া মিউনিসিপ্যালিটি।
৩) শ্রী অংশুমান মন্ডল, ফিন্যান্স অফিসার,সাঁইথিয়া মিউনিসিপ্যালিটি।
৪) শ্রী সুমন চ্যাটার্জী, স্টাফ-ইন-চার্জ, ট্যাক্স কালেকশান সেকশান, সাঁইথিয়া মিউনিসিপ্যালিটি পৌরসভার ওয়েব-সাইটে দেবার নির্দেশ সহ।
৫) শ্রী অভিষেক ভট্টাচার্য্য, দায়িত্বপ্রাপ্ত অ্যাকাউন্ট্যান্ট,সাঁইথিয়া মিউনিসিপ্যালিটি।
৬) শ্রী বিজয় বড়ুয়া, দায়িত্বপ্রাপ্ত ক্যাশিয়ার, সাঁইথিয়া মিউনিসিপ্যালিটি।
৭) সেখ জাকির হোসেন, এ.এফ.সি. সাঁইথিয়া মিউনিসিপ্যালিটি।
৮) শ্রী রানা সিংহ, ক্লার্ক, জেনারেল এস্টাবলিশমেন্ট সেকশান, সাঁইথিয়া মিউনিসিপ্যালিটি -অফিস নোটিশ বোর্ডে টাঙানোর নির্দেশ সহ

Sd/-
Chairman
Sainthia Municipality
Sainthia, Birbhum

# সাঁইথিয়া পৌরসভা

## পোঃ- সাঁইথিয়া : জেলা - বীরভূম

সাঁইথিয়া শহরে প্রবেশকারী এবং পৌরসভা এলাকাভূক্ত রাস্তা ব্যবহারকারী বহিরাগত মালবাহী যানবাহন হতে তোলা আদায়ের জন্য ১ বছরের চুক্তিভিত্তিক ইজারাদার নিয়োগ উদ্দেশ্যে আগামী ২২/০৮/২০২৪ তারিখ, বৃহস্পতিবার বেলা ১.০০ টায় সাঁইথিয়া পৌরসভা প্রাঙ্গনে অনুষ্ঠিতব্য প্রকাশ্য ডাকে অংশ গ্রহনে ইচ্ছুক এজেন্সী/ব্যক্তিদের জ্ঞাতব্য ও অবশ্যপালনীয় শর্তাবলী: -

১) ডাকে অংশগ্রহনে ইচ্ছুক এজেন্সী/ব্যক্তিকে অতি অবশ্যই সাঁইথিয়া পৌর এলাকা বা সাঁইথিয়া ব্লকের বাসিন্দা হতে হবে এবং আগামী ইং-২০/০৮/২০২৪ তারিখ বেলা ৩.০০ টের মধ্যে (Chairman, Sainthia Municipality) ব্যাঙ্ক ড্রাফট মারফৎ ফেরত যোগ্য ১০,০০,০০০.০০ (দশ লক্ষ টাকা ) টাকা পৌরসভার ক্যাশ কাউন্টারে জমা দিয়ে সেই জমাকৃত রাশির স্লিপ, তাঁর নিজ প্যান কার্ড, জি.এস.টি. নম্বর, ভোটার কার্ড ও আধার কার্ডের জেরক্স সহ নাম নথীভূক্ত করণের জন্য আবেদন জানাতে হবে । অন্যথায় তিনি ডাকে অংশ গ্রহন করতে পারবেন না ।

২) পৌরসভা স্থিরীকৃত ডাকের ২০ শতাংশ মূল্যের অনুরূপ কাজের শংসাপত্র থাকতে হবে ।

৩) অনুরূপ কাজের কমপক্ষে দুই বছরের অভিজ্ঞতা আছে এমন শংসাপত্র থাকতে হবে ।

৪) কমপক্ষে ৩ (তিন) বা তার অধিক সংস্থা/ব্যক্তিকে নাম নথীভূক্ত করতে হবে অন্যথায় ডাক বাতিল করা হবে এবং নতুনভাবে ডাকের দিন ধার্য্য করা হবে ।

৫) নথীভূক্ত ইচ্ছুক ব্যক্তি/সংস্থাকে ডাকের দিন বেলা ১১.৩০ টার মধ্যে পৌরসভায় দায়িত্বপ্রাপ্ত কর্মীর নিকট হাজিরা দিতে হবে ।

৬) পৌরকর্তৃপক্ষ কর্তৃক স্থিরীকৃত সর্বনিম্ন ডাক ১.০৬ কোটি (এক কোটি ছয় লক্ষ টাকা) টাকা হতে শুরু হবে ।

৭) প্রতিটি ডাক ২ লক্ষ (দুই লক্ষ) টাকার ক্রমিক হারে ডাকতে হবে ।

৮) সর্বোচ্চ ডাক কারীকে তাঁর ডাকের অফেরৎযোগ্য টাকা ক্যাশ বা ব্যাঙ্ক ড্রাফটের মাধ্যমে ২৭/০৮/২০২৪ তারিখ বেলা ২.০০ টার মধ্যে একমস্তে পৌরসভার ক্যাশ কাউন্টারে অবশ্যই জমা করতে হবে । উক্ত সময়ের মধ্যে তিনি টাকা জমা দিয়ে দিলে ০১/০২/২০২৫ তারিখ সকাল ৮.০০ টা হতে ০১/০২/২০২৬ তারিখ সকাল ৮.০০ টা পর্যন্ত ১ বৎসরের জন্য তাঁর অনুকূলে ইজারা বন্দোবস্ত দেওয়া হবে কিন্তু টাকা জমা দিতে অপারগ হলে নথীভূক্তিকরণ জন্য তাঁর জমাকৃত ১০,০০,০০০.০০ (দশ লক্ষ টাকা) টাকা বাজেয়াপ্ত করা হবে এবং দ্বিতীয় সর্বোচ্চ ডাকদাতাকে তাঁর ডাকের সমগ্র টাকা ০৪/০৯/২০২৪ তারিখের মধ্যে জমা দিতে হবে । উক্ত সময়ের মধ্যে তিনি টাকা জমা দিলে তাঁর অনুকূলে ইজারা বন্দোবস্ত দেওয়া হবে কিন্তু টাকা জমা দিতে অপারগ হলে তাঁর জমাকৃত টাকা বাজেয়াপ্ত করা হবে এবং তৃতীয় ডাককারীকে ১০/০৯/২০২৪ তারিখের মধ্যে তাঁর ডাকের টাকা জমা দিতে বলা হবে । উক্ত সময়ের মধ্যে তৃতীয় সর্বোচ্চ ডাকদাতা তাঁর ডাকের টাকা জমা দিলে তাঁর অনুকূলে ইজারা বন্দোবস্ত দেওয়া হবে এবং তিনিও যদি সেই সময়ের মধ্যে টাকা জমা দিতে অপারগ হন সেক্ষেত্রে তাঁর টাকাও বাজেয়াপ্ত কার হবে এবং নতুনভাবে ডাকের ব্যবস্থা করা হবে ।

৯) ইজারা বন্দোবস্ত গ্রহনের পূর্বে নির্বাচিত ব্যক্তি/এজেন্সীকে ১০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প পেপারে এই সংক্রান্ত চুক্তি অতি অবশ্যই সম্পাদন করতে হবে ।

**১০) চুক্তিবদ্ধ নির্দ্ধারিত সময় শেষে ইজারাদার অবশ্যই তোলা আদায় হতে বিরত থাকবেন ।**

১১) দায়িত্বপ্রাপ্ত ইজারাদারকে ইজারা মেয়াদ অন্তবর্ত্তী সময়ে পৌরসভা নির্দ্ধারিত **নিম্ন** বিবরণমত হারের থেকে বেশী টাকা আদায় করা যাবে না । এর ব্যতিক্রম হলে উপযুক্ত প্রমান সাপেক্ষে তাঁর ইজারা বাতিল করা হবে এবং তাঁর জমাকৃত ডাকের টাকা বাজেয়াপ্ত করে নতুনভাবে ডাকের বন্দোবস্ত করা হবে ।

<u>তোলা আদায়ের হার</u>

| | |
|---|---|
| ১২ বা ততোধিক চাকা বিশিষ্ট যান | : - ১০০.০০ টাকা |
| ১০ চাকা বিশিষ্ট যান | : - ৮০.০০ টাকা |
| ৬ চাকা বিশিষ্ট যান | : - ৫০.০০ টাকা |
| ৪ চাকা বিশিষ্ট যান | : - ৩০.০০ টাকা |

১২) ইজারাদারকে নিজ ব্যবস্থায় ও খরচে উপরিল্লিখিত চার ধরণের রসিদ ছাপিয়ে যাতায়াতকারী মালবাহী যানবাহন হতে তোলা আদায় করতে হবে এবং রসিদে **'সাঁইথিয়া পৌরসভা অনুমোদিত ইজারাদার'** এই মর্মে উল্লেখ রাখতে হবে ।

১৩) প্রয়োজনে উপযুক্ত কারণ সাপেক্ষে ডাক প্রক্রিয়া বা ইজারা বাতিল করার ক্ষমতা পৌরকর্তৃপক্ষের থাকবে ।

Chairman
Sainthia Municipality
Sainthia, Birbhum
(শ্রী বিপ্লব দত্ত)
চেয়ারম্যান
সাঁইথিয়া মিউনিসিপ্যালিটি
সাঁইথিয়া, বীরভূম